**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-01-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল হাঁপানিয়া আন্তর্জাতিক মেলাপ্রাঙ্গনে ১৩ দিন ব্যাপী ৪৩তম আগরতলা বইমেলার উদ্বোধন করবেন।**

**(২) সারা বিশ্ব আজ ইংরেজি নতুন বছর ২০২৫ কে আনন্দ এবং জাঁকজমকের সঙ্গে স্বাগত জানাচ্ছে।**

**(৩) পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ এক অনুষ্ঠানে পর্যটকদের জন্য ১৬ আসনের দুটি বাস ও ১০টি প্যাডেল বোটের সূচনা করেছেন ।**

**(৪) কেন্দ্রীয় মন্ত্রিসভা ২০২৫-২৬ অর্থবছর পর্যন্ত প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা এবং পুনর্গঠিত আবহাওয়া ভিত্তিক ফসল বীমা প্রকল্পের ধারাবাহিকতা অনুমোদন করেছে ।**

****************************************

**Book Fair :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৩ দিন ব্যাপী ৪৩তম আগরতলা বইমেলার উদ্বোধন করবেন। উপস্থিত থাকবেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়িকা মীনা রানী সরকার সহ অন্যান্য বিশিষ্টজনেরা। উল্লেখ্য বইমেলায় প্রতিদিন কুইজ সহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের

আয়োজন করা হয়েছে। তাছাড়া প্রতিদিন বাস পরিষেবার ও ব্যবস্থা করা হয়েছে।

*****************************

**New Year :**

সারা বিশ্ব আজ ইংরেজি নতুন বছর ২০২৫ কে আনন্দ এবং জাঁকজমকের সঙ্গে স্বাগত জানাচ্ছে। আমাদের দেশের বিভিন্ন স্থানে আতসবাজি ও অন্যান্য আনন্দের পাশাপাশি মানুষজন মন্দির ও উপাসনালয় পরিদর্শন করছেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু নববর্ষের প্রাক্কালে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি নাগরিকদের ভারত এবং বিশ্বের জন্য একটি উজ্জ্বল, আরও অন্তর্ভুক্তিমূলক এবং সুস্থায়ী ভবিষ্যত তৈরির জন্য একসাথে কাজ করতে তাদের প্রতিশ্রুতি পুনর্নবীকরণ করার আহ্বান জানিয়েছেন। উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর ২০২৫ কে দেশের প্রজাতন্ত্র যাত্রার একটি গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণ হিসাবে বর্ণনা করে বলেন যে ২০৪৭-এ বিকশিত ভারতের দিকে অগ্রসর হওয়ার সময় আমাদের সংবিধান প্রণেতাদের দৃষ্টিভঙ্গি বাস্তবায়নের জন্য পুনরায় উৎসর্গ করার সময় এসেছে।

নতুন বছরে নাগরিকদের সুস্বাস্থ্য এবং সমৃদ্ধি কামনা করে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আশা প্রকাশ করেছেন যে বছরটি প্রত্যেকের জীবনে নতুন সুযোগ, সাফল্য এবং অফুরন্ত আনন্দ নিয়ে আসবে।

আমাদের রাজ্যেও ইংরেজি নতুন বছর উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

ইংরেজী নতুন বছর উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এক বার্তায় তিনি বলেন জনগনের প্রত্যাশা পূরণে রাজ্য সরকার দায়বদ্ধ।

######### Byte-CM ########

*******************************

**Sushanta Choudhury :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ উজ্জয়ন্ত প্রাসাদ পরিসরে এক অনুষ্ঠানে পর্যটকদের জন্য ১৬ আসনের দুটি বাস ও ১০টি প্যাডেল বোটের আনুষ্ঠানিক সূচনা করেছেন। এই প্যাডেল বোট গুলি রাজবাড়ীর দীঘিতে চলবে। মন্ত্রী শ্রী চৌধুরী জানান, আগামী দু'বছরের মধ্যে রাজ্যের পর্যটনকে একটি বিশেষ উচ্চতায় নিয়ে যাওয়ার লক্ষ্য নিয়ে কেন্দ্র ও রাজ্য সরকার কাজ করছে। তিনি জানান, রাজ্য ও বহিঃরাজ্যের পর্যটকদের জন্য দুটি বাস কেনা হয়েছে। এই বাস দিয়ে রাজ্যের দর্শনীয় স্থানগুলি পরিদর্শন করানো হবে। তিনি আরও জানান, নীরমহল, নারিকেল কুঞ্জ, ছবিমুড়া সহ রাজ্যের যে জলাশয়গুলি পর্যটকদের আকৃষ্ট করে সেখানে প্যাডেল বোট দেওয়া হবে। আগামী ১৫ জানুয়ারির মধ্যে ৫০টি প্যাডেল বোট দেওয়া হবে। বাকি আরও ৫০টি বোট আনা হচ্ছে।

অনুষ্ঠানে পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত্ বাদল নেগী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

***************************

**Assembly Session :**

আগামী ১০ই জানুয়ারী থেকে অনুষ্ঠেয় রাজ্য বিধানসভার শীতকালীন অধিবেশন উপলক্ষ্যে আজ বিধানসভায় অধক্ষ্য বিশ্ববন্ধু সেনের পৌরোহিত্যে বিএসি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে অধিবেশনের বিভিন্ন কর্মসূচি নিয়ে আলোচনা করা হয়। বৈঠক শেষে পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ জানান এইবারের অধিবেশন মোট তিনদিন ১০, ১৩ এবং ১৫ই জানুয়ারী অনুষ্ঠিত হবে। অধিবেশন শুরু হবে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর ভাষণের মধ্য দিয়ে। তিনি জানান, অধিবেশনে বেশ কিছু বিল পেশ করা হবে। আজকের বৈঠকে উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, মন্ত্রী সুশান্ত

চৌধুরী, মন্ত্রী অনিমেষ দেব্বর্মা, বিধানসভার মুখ্যসচেতক কল্যাণী সাহা রায় সহ অন্যান্য বিধায়করা উপস্থিত ছিলেন।

*****************************

**Electoral Roll :**

নির্বাচন কমিশনের নির্ধারিত নির্ঘণ্ট অনুযায়ী রাজ্যের ষাটটি বিধানসভা কেন্দ্রের চূড়ান্ত সচিত্র ভোটার তালিকা আগামী ছয় জানুয়ারি প্রকাশ করা হবে। আমাদের ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, ঊনকোটি জেলাতেও ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর পর চূড়ান্ত তালিকা প্রকাশের প্রস্তুতি চলছে। আজ কৈলাশহরে জেলা শাসক কার্যালয়ে নির্বাচন নিবন্ধন আধিকারিকগণ সহ বিভিন্ন স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়।

উপস্থিত ছিলেন, ভোটার তালিকা প্রনয়ণের বিষয়ের পর্যবেক্ষক তথা গ্রামোন্নয়ণ দপ্তরের সচিব ড: সন্দীপ আর রাঠোর। বৈঠকে নির্ভুল ও ত্রুটিমুক্ত চূড়ান্ত সচিত্র ভোটার তালিকা প্রণয়নের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা জানান, ঊনকোটি জেলার চারটি বিধানসভা ক্ষেত্রের ২২৫টি ভোটকেন্দ্রের চূড়ান্ত সচিত্র ভোটার তালিকা প্রকাশের লক্ষ্যে কাজ এগিয়ে চলেছে।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM Fasal Bima :**

কেন্দ্রীয় মন্ত্রিসভা ২০২৫-২৬ পর্যন্ত প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা এবং পুনর্গঠিত আবহাওয়া ভিত্তিক ফসল বীমা প্রকল্পের ধারাবাহিকতা অনুমোদন করেছে। আজ নতুনদিল্লিতে মন্ত্রিসভার বৈঠকের পরে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব সংবাদমাধ্যমকে বলেছেন যে এই প্রকল্পের সামগ্রিক ব্যয় ৬৯ হাজার ৫১৫ কোটি টাকা বাড়ানো হয়েছে। তিনি বলেন, এই প্রকল্পের আওতায় বীমাকৃত কৃষকদের ৮৮ শতাংশ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক। তিনি আরো বলেন যে বীমাকৃত কৃষকদের ৫৭শতাংশ ওবিসি, এসসি এবং এসটি। মন্ত্রী বলেন, গত আট বছরে কৃষকদের এক লক্ষ ৭০ হাজার কোটি টাকার দাবি মেটানো হয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রিসভা প্রতি মেট্রিক টন তিন হাজার ৫০০ টাকায় পুষ্টি ভিত্তিক ভর্তুকির বাইরে ডি-অ্যামোনিয়াম ফসফেট, ডিএপি সারের এককালীন বিশেষ প্যাকেজ বাড়ানোর অনুমোদন দিয়েছে। কৃষকরা ডিএপির প্রতি ৫০ কিলোগ্রামের ব্যাগ এক হাজার ৩৫০ টাকায় পাবেন।

উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির কৃষকদের অগ্রাধিকার দিয়ে প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা এবং পুনর্গঠিত আবহাওয়াভিত্তিক শস্য বিমা প্রকল্পগুলি রূপায়ণ করা হচ্ছে। কেন্দ্র এক্ষেত্রে ভর্তুকির ৯০ শতাংশ বহন করছে। তবে এই প্রকল্প স্বেচ্ছামূলক হওয়ায় এবং উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে মোট কৃষিভূমির পরিমাণ কম থাকায় কেন্দ্র এক্ষেত্রে নমনীয় মনোভাব নিয়েছে। তহবিলের অর্থ

যাতে ফেরত না চলে আসে, সেজন্য অন্য উন্নয়নমূলক প্রকল্পেও এই অর্থ খরচ করা যাবে।

এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, সরকার কৃষকদের জন্য বিভিন্ন কল্যাণমূলক প্রকল্প প্রসারিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। সামাজিক মাধ্যম এক্স-এ এক বার্তায় তিনি বলেন, আমাদের কৃষক ভাই ও বোনেদের কঠোর পরিশ্রমের জন্য দেশবাসীর অন্ন সংস্থান হচ্ছে। আমরা তাঁদের জন্য গর্বিত। ২০২৫ সালের কেন্দ্রীয় মন্ত্রিসভার প্রথম বৈঠক কৃষকদের সমৃদ্ধি বাড়ানোর উদ্দেশ্যে উৎসর্গ করা হয়েছে।

*************************************

**ONOS :**

সরকার আজ থেকে "ওয়ান নেশন, ওয়ান সাবস্ক্রিপশন" প্রকল্প চালু করেছে। এই উদ্যোগের লক্ষ্য হল একটি একক সাবস্ক্রিপশন প্ল্যাটফর্মের অধীনে গবেষণাপত্র, জার্নাল এবং একাডেমিক বিষয়বস্তু সহ বিস্তৃত ডিজিটাল জ্ঞান সম্পদের বিরামহীন প্রাপ্যতা প্রদান করা। এই উদ্যোগটি একাধিক সাবস্ক্রিপশন বাধা দূর করে, জ্ঞানের ন্যায়সঙ্গত প্রাপ্যতা নিশ্চিত করে সারা দেশে ছাত্র, গবেষক এবং প্রতিষ্ঠানগুলিকে উপকৃত করবে বলে আশা করা হচ্ছে।

উদ্যোগের প্রথম পর্যায়ে বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, চিকিৎসা, গণিত, ব্যবস্থাপনা, সামাজিক বিজ্ঞান এবং মানবিক বিষয়ক ১৩ হাজার ৪০০টির বেশি আন্তর্জাতিক জার্নাল গবেষকদের জন্য উপলব্ধ করা হচ্ছে।

*************************

**Kalpataru Utsab :**

প্রতি বছরের মতো এবছরও আজ রামকৃষ্ণ দেবের আধ্যাত্মিকতার স্মরণে কল্পতরু উৎসব পালিত হয়। রাজধানী আগরতলার বিভিন্ন

স্থানে রামকৃষ্ণ দেবের ভক্তরা বিশেষ পূজার্চনা করেন। পাশাপাশি ভক্তদের মধ্যে প্রসাদ ও বিতরণ করা হয়।

দক্ষিণ জেলার জোলাইবাড়ি রামকৃষ্ণ সেবাসদনে আজ সকাল থেকে মঙ্গলারতি, প্রভাতফেরি, বিশেষ পূজা, যজ্ঞানুষ্ঠান ও পাঠচক্র সহ নানান ধর্মীয় অনুষ্ঠানের মাধ্যমে কল্পতরু উৎসব পালিত হয়।

*****************************

**Adwaita Mallabarman :**

ঔপন্যাসিক ও সাংবাদিক অদ্বৈত মল্লবর্মণ, ১৯১৪ সালের পয়লা জানুয়ারি তৎকালীন কুমিল্লা জেলার অধীনে ব্রাহ্মণবাড়িয়া মহকুমার গোকর্ণ গ্রামে জন্মগ্রহণ করেন। আজ রাজ্য তপশিলি কল্যাণ দপ্তরের উদ্যোগে অদ্বৈত মল্লবর্মণের ১১১তম জন্মদিনটি পালন করা হয়। আগরতলা অফিস লেন স্থিত অদ্বৈত মল্লবর্মণ অতিথিশালায় আয়োজিত অনুষ্ঠানে তাঁর মর্মর মূর্তিতে পুষ্পার্ঘ দিয়ে শ্রদ্ধা জানান তপশিলি জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস ও দপ্তরের সচিব সহ দপ্তরের আধিকারিক ও অন্যান্য কর্মীরা।

**********************************

**IPFT :**

আই পি এফ টি দলের প্রতিষ্ঠাতা তথা রাজ্যের প্রাক্তন রাজস্ব মন্ত্রী এনসি দেববর্মার দ্বিতীয় মৃত্যুবার্ষিকী আজ দলের পক্ষ থেকে শ্রদ্ধার সঙ্গে পালন করা হয়। মূল অনুষ্ঠানটি হয় তেলিয়ামুড়া উত্তর মহারানীপুরে তাঁব সমাধিস্থলে। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লা চরণ নোয়াতিয়া, দলের সাধারণ সম্পাদক স্বপন দেববর্মা, সহ-সভাপতি প্রদীপ দেববর্মা সহ অন্যান্যরা। উপস্থিত সবাই সমাধিস্থলে প্রত্যেক ফুলমালা দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। পরে তাঁর জীবন দর্শন নিয়ে মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া সহ দলের নেতৃবৃন্দ আলোচনা করেন।

****************************

**BJP :**

বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য বলেছেন ২০২৪ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্র ও রাজ্য সরকার মানুষের কল্যানে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন এই বছর ও মানুষের স্বার্থে কেন্দ্র ও রাজ্য সরকার কাজ অব্যাহত রাখবে। তিনি সরকারের বিভিন্ন প্রকল্পগুলির কথা বলতে গিয়ে স্বচ্ছ ভারত অভিযান, প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনা, প্রধানমন্ত্রী জনধন যোজনার উল্লেখ করেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন বিধায়ক ভগবান চন্দ্র দাস ও দলের মিডিয়া ইন চার্জ সুনীত সরকার।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ দশমিক এক ডিগ্রী সেলসিয়াস। আগামীকাল সকালে রাজ্যের সব জেলার দুয়েক জায়গায় ঘন কুয়াশা পড়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*****************************